**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 21-11-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার সাফল্য মূলত বুথ লেভেল আধিকারিকদের ওপর নির্ভরশীল এবং নির্বাচন কমিশন তাদের উপর পূর্ণ আস্থা রাখছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

এদিকে, বিধানসভা ভোটের প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ আগামীকাল জেলাশাসকদের সঙ্গে এক বৈঠকে করবেন।

২) দেশের গণতন্ত্রকে সুরক্ষিত রাখতেই নির্বাচন কমিশন এসআইর করছে বলে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন।

বিজেপি অভিযোগ করেছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অনুপ্রবেশকারীদের সীমান্ত দিয়ে এরাজ্যে ঢুকিয়ে পশ্চিমবঙ্গের জনবিন্যাসের পরিবর্তনের চেষ্টা করছে।

৩) ২০১৭ ও ২০২২ সালের টেট পরীক্ষায় প্রতিটি ভুল প্রশ্নের জন্য যেসব পরীক্ষার্থী সেগুলির উত্তর দিয়েছিলেন, তাদের প্রত্যেককেই নম্বর দেওয়া হবে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।

জলপাইগুড়ি স্কুলের প্রধান শিক্ষিকাকে হেনস্থার ঘটনায় কলকাতা হাইকোর্ট ডিআই-এর রিপোর্ট তলব করেছে।

৪) রাজ্যপাল ডঃ সি. ভি. আনন্দ বোস আজ ‘জলতরঙ্গ’ নামে এক অভিনব কর্মসূচির আওতায় নদীপথে হাওড়া ও দক্ষিণ ২৪ পরগণার একাধিক গ্রাম পরিদর্শন করেন।

৫) আজ বিশ্ব মৎস্যচাষ দিবস। মৎস্য সম্পদ সুরক্ষিত রাখা ও মাছ চাষের গুরুত্ব তুলে ধরতে নানা অনুষ্ঠানে আজকের দিনটি পালন করা হচ্ছে।

---

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার সাফল্য মূলত বুথ লেভেল আধিকারিকদের ওপর নির্ভরশীল এবং নির্বাচন কমিশন তাদের উপর পূর্ণ আস্থা রাখছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। রাজ্যে বেশ কয়েকজন বিএলও-র বিরুদ্ধে কর্তব্যে গাফিলতির অভিযোগের প্রেক্ষিতে তিনি স্পষ্ট জানান, BLO–রা রাতদিন পরিশ্রম করছেন। কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ থাকতে পারে , কিন্তু ৯৯ শতাংশ BLO সম্পূর্ণ দায়বদ্ধতার সঙ্গে কাজ করছেন। সাংবিধানিক দায়িত্ব পালন করছেন।

আগামী বিধানসভা নির্বাচনের আগে ইভিএম ও ভিভিপ্যাটের ফার্স্ট লেভেল চেকিং কর্মসূচী উপলক্ষে আজ নিউ টাউনে এক বিশেষ কর্মশালা আয়োজন করা হয়। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজকুমার আগরওয়াল ও পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এই কর্মশালার উদ্বোধন করেন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, ২৭ নভেম্বর থেকে রাজ্যের ১০টি জেলায় শুরু হবে ইভিএম ও ভিভিপ্যাটের এফ এল সি প্রক্রিয়া, যা চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত। মোট ৫২টি স্থানে এই চেকিং হবে। রাজ্যের ২৪টি জেলার জেলা নির্বাচনী

আধিকারিক, অতিরিক্ত জেলাশাসক (নির্বাচন), জেলা ইভিএম নোডাল অফিসার ও এফ এল সি সুপারভাইজাররা এই কর্মশালায় অংশ নেন।

-------------------

এদিকে, **মুখ্যসচিব মনোজ পন্থ** বিধানসভা ভোটের প্রস্তুতি নিয়ে আগামীকাল নবান্নে জেলাশাসকদের সত্ত্বেও এক বৈঠকে করবেন। নির্বাচনী পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি ইভিএম প্রস্তুতি নিয়েও আলোচনা হোয়ার কথা ঐ বৈঠকে।

অন্যদিকে, SIR ইসুতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী মঙ্গলবার উত্তর ২৪ পরগণার বনগাঁয় সভা ও রোড শো করবেন।

-------------------

রাজ্যে এস আই আর এর কাজে যুক্ত বুথ লেভেল আধিকারিকদের নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষায় এনিউমারেশন ফর্ম এবং অনলাইন পোর্টালে দেওয়া তাদের ব্যক্তিগত ফোন নম্বর প্রকাশ না করার আবেদন জানিয়ে সরকারি কর্মচারীদের সংগঠন - সংগ্রামী যৌথ মঞ্চ নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালকে লেখা ঐ চিঠিতে বিএলও-দের নম্বর প্রকাশ্যে সকলকে দেওয়ার ফলে তারা প্রতারিত হতে পারেন এবং বিশেষ করে মহিলা বিএল রা বিভিন্ন অসুবিধার মধ্যে পড়তে পারেন বলে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

এদিকে, পথ দুর্ঘটনায় মৃত শীতলকুচির বিএলও ললিত অধিকারীর পরিবারের হাতে দু লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়। উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ তাঁর স্ত্রীর হাতে এই চেক তুলে দেন।

অন্যদিকে, কর্তব্যরত অবস্থায় মৃত আরও তিন বুথ লেভেল আধিকারিক জলপাইগুড়ির শান্তিমুনি এক্কা, পূর্ব বর্ধমানের নমিতা হাসদা ও কোন্নগরের তপতী বিশ্বাসের পরিবারকেও এককালীন সহায়তা করার বিষয়েও সরকার চিন্তাভাবনা করছে।

-------------------

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, দেশের গণতন্ত্রকে সুরক্ষিত রাখতেই নির্বাচন কমিশন ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা এস আই আর করছে। গুজরাতের ভুজে আজ সীমান্ত সুরক্ষা বাহিনী বি এস এফের প্রতিষ্ঠা দিবসের হীরক জয়ন্তীর অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী শাহ বলেন, দেশ থেকে অনুপ্রবেশকারীদের খুঁজে খুঁজে বের করা হবে। যেসব রাজনৈতিক দল এস আই আরের বিরোধিতা করছে, তাদের তীব্র সমালোচনা করেন স্বরাষ্ট্রমন্ত্রী।

(বাইট- অমিত শাহ)

-------------------

বিজেপি অভিযোগ করেছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অনুপ্রবেশকারীদের সীমান্ত দিয়ে এরাজ্যে ঢুকিয়ে পশ্চিমবঙ্গের জনবিন্যাসের পরিবর্তনের চেষ্টা করছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে কলকাতায় ডেপুটি নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক করে এই অভিযোগ জানান। পরে বিরোধী দলনেতা সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নিয়ে এসে যেভাবে রাজ্যের জনবিন্যাসের পরিবর্তন করা হচ্ছে, তা তুলে ধরা হয়েছে কমিশনের কাছে।

বাইট

বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম তালিকা থেকে বাদ দেওয়া এবং প্রত্যেক হিন্দু শরণার্থীর নাম তালিকায় অন্তর্ভুক্ত করারও দাবি জানানো হয়েছে। পাশাপাশি বিএলওদের একটা বড় অংশ সততার সঙ্গে কাজ করলেও কিছু সংখ্যক বুথ লেভেল আধিকারিক রাজনৈতিক দলের চাপে পড়ে অথবা প্রলোভনের শিকার হয়ে কাজ করছে বলেও বিরোধী দলনেতার আরও অভিযোগ।

-------------------

২০১৭ ও ২০২২ সালের টেট পরীক্ষায় প্রতিটি ভুল প্রশ্নের জন্য যেসব পরীক্ষার্থী সেগুলির উত্তর দিয়েছিলেন তাদের প্রত্যেককেই নম্বর দেওয়া হবে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। ঐ পরীক্ষায় মোট ৪৭ টি প্রশ্নের উত্তর নিয়ে বিচারপতি বিশ্বজিৎ বসুর এজলাসে বিশেষজ্ঞ কমিটির রিপোর্ট আজ জমা পড়েছে। তবে প্রাথমিক শিক্ষা পর্ষদ কোন্ পদ্ধতিতে এই নম্বর দেবে সেটা আগামী সোমবার জানাতে নির্দেশ দিয়েছেন বিচারপতি বসু। ওইদিনই তিনি মামলায় চুড়ান্ত রায় দেবেন।

উল্লেখ্য, ২০১৭ ও ২০২২ সালে টেটের প্রশ্ন ভুল ছিল এই অভিযোগ করে মামলা দায়ের হয় কলকাতা হাইকোর্টে । ২০১৭ সালের টেটে ২৩ টি প্রশ্ন ভুল ছিল বলে অভিযোগ। প্রথমে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়কে বিশেষ কমিটি গড়ে সেই অভিযোগ খতিয়ে দেখতে নির্দেশ দেন বিচারপতি রাজাশেখর মান্থা । একইভাবে ২০২২ সালের টেটেও ২৪ টি প্রশ্ন ভুলের অভিযোগ সংক্রান্ত মামলায় যাদবপুর বিশ্ববিদ্যালয়কে প্রশ্ন খতিয়ে দেখার নির্দেশ দেন বিচারপতি মান্থা।

কিন্তু দুটি নির্দেশকে চ্যালেঞ্জ করেই ডিভিশন বেঞ্চে যায় প্রাথমিক শিক্ষা পর্ষদ । সেই মামলায় কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ, কলকাতা ও প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এবং প্রাথমিক শিক্ষা পর্ষদকে নিয়ে তিন

সদস্যের কমিটি গঠন করার নির্দেশ দেয়। সেই কমিটির রিপোর্টই আজ আদালতে জমা দেওয়া হয়।

-------------------

জলপাইগুড়ি স্কুলের প্রধান শিক্ষিকাকে হেনস্থার ঘটনায় কলকাতা হাইকোর্ট জেলা স্কুল পরিদর্শক(DI) র রিপোর্ট তলব করেছে। বিচারপতি কৌশিক চন্দ আজ এই অভিযোগ সম্পর্কে বিস্ময় প্রকাশ করেন। গত ১৩ নভেম্বর এ সংক্রান্ত যে ভিডিও প্রকাশিত হয়েছে, তার সত্যতা জানতে ২ সপ্তাহের মধ্যে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি। প্রধান শিক্ষিকা সুতপা দাস পরিচালন সমিতির সভাপতির বিরুদ্ধে অভিযোগ তুলে যে মামলা করেছিলেন, তার ভিত্তিতেই এই নির্দেশ।

উল্লেখ্য, জলপাইগুড়ির সুনীতিবালা সদর উচ্চ বালিকা বিদ্যালয়ে একটি অনুষ্ঠানের পর প্রধান শিক্ষিকাকে কান ধরে ওঠবোস করানো হয় বলে অভিযোগ। স্কুলের পরিচালন কমিটির সভাপতি, জলপাইগুড়ি পুরসভার বর্তমান চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে হেনস্থার অভিযোগ তুলে তাকে অপসারণের দাবি জানান প্রধান শিক্ষিকা।

-------------------

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in –এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫’ই ডিসেম্বর।

-------------------

রাজ্যপাল ডঃ সি. ভি. আনন্দ বোস আজ 'জলতরঙ্গ' নামে এক অভিনব কর্মসূচির আওতায় নদীপথে হাওড়া ও দক্ষিণ ২৪ পরগণার একাধিক গ্রাম পরিদর্শন করেন। অংশ নেন বিভিন্ন কর্মসূচিতেও। সকালে কলকাতার পুলিশ জেটি থেকে রাজ্যপাল স্টিমারে রওনা দেন। এরপর ভারতীয় জাদুঘর, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, এনসিএসএম ও ইস্টার্ন জোনাল কালচার সেন্টারের আধিকারিকরাও সঙ্গে ছিলেন। পূর্বাঞ্চলীয় সংস্কৃতি পরিষদের উদ্যোগে লঞ্চে এক সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। জলপথে প্রথমে হাওড়ার নাজিরগঞ্জ পৌঁছানোর পর হুগলি কোচিন শিপইয়ার্ডের আধিকারিক, স্থানীয় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও অন্য প্রতিনিধিরা রাজ্যপালকে স্বাগত জানান। ছাত্রছাত্রীদের সঙ্গে কথোপকথন ও 'বন্দে মাতরম' পরিবেশনার মাধ্যমে শুরু হয় কর্মসূচি। এরপর রাজ্যপাল যান রাধা গোবিন্দ মন্দিরে। তারপর টোটোয় এলাকা ঘুরে দেখেন। দোকানে বসে চা পানও করেন। আশপাশের দোকানদার ও চা বিক্রেতাদের সঙ্গে কথা বলেন তিনি। তারপর হুগলি কচিন শিপইয়ার্ড পরিদর্শন ও শিপইয়ার্ড মিউজিয়াম ঘুরে দেখেন। এটি মূলত এক ধরনের জনসংযোগ কর্মসূচী বলেও রাজ্যপাল জানান।

(বাইট- রাজ্যপাল)

এরপর সেখানে ভিক্টোরিয়া মেমোরিয়াল হলের 'পিকচারেস্ক গঙ্গা' প্রদর্শনীর উদ্বোধন করেন রাজ্যপাল। শিপইয়ার্ড কর্মী ও ছাত্রছাত্রীদের সঙ্গে আলাপচারিতার পর তিনি যান সাঁকরাইল। বিকেলে সি ভি আনন্দ বোস জলপথে বজবজ পৌঁছন। সেখানে সাধারণ মানুষের অভাব অভিযোগ শোনার পাশাপাশি তিনি তাদের সঙ্গে দোকানে বসে চা পান করেন। পরে একটি একটি বেসরকারি ইংরাজি মাধ্যম স্কুলে বেশ কিছুক্ষণ সময় কাটান। কথা বলেন পড়ুয়াদের সঙ্গেও। পরে সাংবাদিকদের রাজ্যপাল বলেন, সাঝধারণ

মানুষ বিশেষত মহিলা, যুবসমাজ ও শিশুদের সঙ্গে কথা বলে তিনি নানান তথ্য জানতে পেরেছেন। বাংলাকে দুর্নীতি মুক্ত করার আবারও আহ্বান জানান সি ভি আনন্দ বোস।

-------------------

আজ বিশ্ব মৎস্যচাষ দিবস। মৎস্য সম্পদ সুরক্ষিত রাখা ও মাছ চাষের গুরুত্ব তুলে ধরতে নানা অনুষ্ঠানে আজকের দিনটি পালন করা হচ্ছে।

১৯৯৭ সালের ওয়ার্ল্ড ফিশারমেন অর্গানাইজেশন এর সিদ্ধান্ত মেনে সারাদেশের সঙ্গে এরাজ্যেও মৎস্যজীবী সংগঠনগুলি দিনটি উদযাপন করে।

একটি প্রতিবেদন

------------------- -------------------